

বিদেশি কর্মীদের জনসমাবেশ বাতিল ও বন্ধ করার নিয়ন্ত্রণ বিধি

জনাব নিয়োগকর্তা,

২৪ মার্চ ২০২০ তারিখে, কতিপয় মন্ত্রণালয় সমন্বয়ে গঠিত বিশেষ কর্মী দল COVID-19 এর প্রসার সর্বনিম্নে নামিয়ে আনার জন্য জাতীয় পর্যায়ে কঠোর নিয়ন্ত্রণ বিধি ঘোষণা করেছে।

2. জাতীয় পর্যায়ের কঠোর নিয়ন্ত্রণ বিধির পরিপ্রেক্ষিতে বিদেশি কর্মীদেরও ছুটির দিনগুলিতে একই ভাবে নিজেদের মধ্যে নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে। তাদেরকে বিশেষভাবে উপদেশ দেয়া হচ্ছে তারা যেন এই সময়ের ছুটির দিনগুলি তাঁদের বাসস্থানেই কাটায়।

3. বিদেশি কর্মীদের যদি বিশেষ কোন কারণে বাইরে যেতে হয় তবে তারা যেন যথাসম্ভব তাঁদের ডরমিটরি বা বাসস্থানের কাছাকাছি সুবিধাজনক স্থানগুলিতেই যায়। বিনোদন কেন্দ্রগুলি খোলা থাকবে, যাতে তারা সেখানকার সুযোগ সুবিধাগুলি নিজেদের প্রয়োজনীয় কাজে ব্যবহার করতে পারে। আর যদি বাইরে যেতেই হয়, তবে তারা যেন যথাসম্ভব কম সময়ে কাজ সেরে নিজস্ব বাসস্থানে ফিরে আসে। নিজস্ব স্বাস্থ্য রক্ষার নিয়মগুলি তাঁদের বজায় রাখতে হবে, দৈহিক সংস্পর্শ এড়িয়ে যেতে হবে, হাত মেলানো বা ভাগাভাগি করে একই পাত্রে খাওয়া বন্ধ করতে হবে এবং নিজেদের মধ্যে নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে।

4. বিদেশি কর্মীদেরকে বাসস্থানের ভিতরেও একত্রিত হওয়ার ব্যাপারে সর্বশেষ ঘোষিত আইনগুলি মেনে চলতে হবে। তাঁদের খোলা জায়গায় একত্রিত হওয়া বা লিটল ইনডিয়ান মত জনাকীর্ণ জায়গায় ঘুরতে যাওয়া মোটেও উচিত নয়।

5. বিদেশি কর্মীরা বাইরে গেলে সাধারণত বড় সংখ্যায় জমায়েত হয়, অতিরিক্ত সাবধানতা অবলম্বনের উদ্দেশ্যে MOM এই ধরনের জনসমাবেস ভেঙ্গে দেবে। MOM অফিসারগণ সরজমিনে তদন্ত করা বারিয়ে দেবে। যেসব কর্মীরা সহযোগিতা করবে না, তাঁদের ওয়ার্ক পাস বাতিল করে দেওয়া হবে।

6. নিয়োগকর্তাদের স্বরণ করিয়ে দেয়া হচ্ছে আপনারা যেন আপনাদের কর্মীদের উল্লিখিত উপদেশগুলি সম্পর্কে অবহিত করেন। MOM অফিসারগণ সক্রিয়ভাবে সরজমিনে তদন্ত করে বৃহৎ জনসমাবেস ভেঙ্গে দেবেন।

7. COVID-19 এর প্রসার সীমাবদ্ধ করার জন্য সমষ্টিগত দায়িত্ববোধ অতিশয় জরুরী। আমরা নিয়োগকর্তা, ডরমিটরি পরিচালক এবং সকল কর্মীদের আমাদের সংগে ঐক্যবদ্ধ হয়ে কাজ করে COVID-19 কে পরাভূত করার আহ্বান জানাচ্ছি।

8. নিয়মিতভাবে MOH এর www.moh.gov.sg ওয়েব সাইটে গিয়ে সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে অবহিত হোন।